# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

**Website:** www.sylhetboard.gov.bd, **e-mail:** sbcontroller16@gmail.com


স্মারক নং ঃ সিশিবো/পনি/মাধ্য/-২০২২/৬৪৪

তারিখ: ২২ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
০৫ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

## ২০২২ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর আওতাধীন মাধ্যমিক বিদ্যালয় সমূহের প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, ২০২২ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার online এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি সিলেট শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলোঃ

১। **Online এ শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা (probable list) প্রদর্শনঃ**

শিক্ষার্থীদের তথ্য সম্বলিত তালিকা সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (hhps://sylhetboard.gov.bd) এ ১১/০৪/২২ তারিখ থেকে প্রদর্শিত হবে। উক্ত সম্ভাব্য তালিকা থেকে ১৩/০৪/২০২২ থেকে ২৪/০৪/২০২২ তারিখের মধ্যে Online এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (eFF) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠান সমূহ সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে Student Management-eFF Confirmation এ ক্লিক করে EIIN ও Password দিয়ে Login করতে হবে। Probable list Print করে হার্ড কপিতে লাল কালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।

(খ) উক্ত হার্ড কপি Probable list এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটার এ প্রদর্শনকৃত Probable list থেকে Select করতে হবে।

(গ) Temporary List Print করে ভালোভাবে যাচাই-বাছাই করে প্রয়োজন হলে Select/Unselect করা যাবে।

(ঘ) এরপর সোনালী সেবা Pay Slip Print করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় (যে শাখায় সোনালী সেবা চালু আছে) নিম্নে প্রদত্ত তারিখ অনুযায়ী (ক্রমিক-৩) সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দিতে হবে।

(ঙ) Final Candidate List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করে প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

২। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

৩। ফি জমার সর্বশেষ তারিখঃ ২৫/০৪/২০২২ ।

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | ১. রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য ২০২০ সালের পরীক্ষার্থীগণের ২০২২ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহনের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করতে হবে।<br>২. রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে ০১ (এক) থেকে ০৩ (তিন) বিষয়ে অকৃতকার্য/০১ (এক) থেকে ০২ (দুই) বিষয়ে অনুপস্থিত ২০২১ সালের পরীক্ষার্থীগণের ২০২২ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে বা সকল বিষয়ে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করতে হবে।<br>৩. রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ ০১ (এক) থেকে ০৩ (তিন) বিষয়ে অনুপস্থিত ২০২১ সালের পরীক্ষার্থীগণের ২০২২ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় সকল বিষসমূহে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করতে হবে।<br>**আবেদন করার শেষ সময় ঃ** | ১০/০৪/২০২২ খ্রি. |
| (খ) | এ বছর নির্বাচনী পরীক্ষার পরিবর্তে প্রস্তুতিমূলক পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রস্তুতিমূলক পরীক্ষা শুরুর তারিখঃ | ১৯/০৫/২০২২ খ্রি. |
| (গ) | অনলাইনে ফরম পূরণ | ১৩/০৪/২০২২ হতে ২৪/০৪/২০২২ খ্রি. |
| (ঘ) | অনলাইনে ফি জমা দেয়ার শেষ তারিখ | ২৫/০৪/২০২২ খ্রি. |
| (ঙ) | পরীক্ষার্থীদের Finalization এর তারিখ | ২৭/০৪/২০২২ খ্রি. |

পরীক্ষার মাধ্যম ঃ

৪। বাংলা ও ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের ছক অনুযায়ী ০১ (এক) কপি তালিকা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক ) এর নিকট হাতে হাতে ০৭/০৪/২০২২ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সন পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন। ইতোমধ্যে যে সকল প্রতিষ্ঠান চাহিদাপত্র দাখিল করেছেন তাদের পুনরায় দাখিল করার প্রয়োজন নেই।

ছকঃ

| শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

৫। (ক) ফি এর হার ঃ (বোর্ডের প্রাপ্য)

| পরীক্ষার্থীর ধরন | পরীক্ষার ফি (পত্র প্রতি) | ব্যবহারিক পরীক্ষার ফি (পত্র প্রতি) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (পরীক্ষার্থী প্রতি) | মূল সনদ ফি (পরীক্ষার্থী প্রতি) | অনিয়মিত ফি (পরীক্ষার্থী প্রতি) | অনুমতি ও তালিকা ভূক্তি ফি (পরীক্ষার্থী প্রতি) | বয় স্কাউট / গার্লস গাইড ফি (পরীক্ষার্থী প্রতি) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (পরীক্ষার্থী প্রতি) | বার্ষিক ক্রীড়া এফিলিয়েশন ফি (শিক্ষা প্রতিষ্ঠান প্রতি) | রেড ক্রিসেন্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | বি.এন.সি.সি ফি (প্রতি পরীক্ষার্থী | অনলাইন ফি (পরীক্ষার্থী প্রতি) | উন্নয়ন ফি (প্রতি পরীক্ষার্থী) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| নিয়মিত পরীক্ষার্থী | ১০০/= | ৩০/= | ৪০/= | ১০০/= | ---- | ---- | ১৫/= | ৫/= | ৩০০/= | ২০/= | ৫/= | ৫/= | ৫০/= |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি | ১০০/= | ৩০/= | ৪০/= | ১০০/= | ১০০/= | ---- | ১৫/= | ৫/= | | ২০/= | ৫/= | ৫/= | ৫০/= |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে | ১০০/= | ৩০/= | ৪০/= | ---- | ১০০/= | ---- | ১৫/= | ৫/= | | ২০/= | ৫/= | ৫/= | ৫০/= |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১০০/= | ৩০/= | ৪০/= | ১০০/= | ---- | ১০০/= | ১৫/= | ৫/= | | ২০/= | ৫/= | ৫/= | ৫০/= |

(খ) **কেন্দ্র ফি** ঃ (সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিবের বরাবর জমা দিতে হবে।

(১) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই পরীক্ষার্থী প্রতি ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা।

(২) এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে ঃ পরীক্ষার্থী প্রতি ৪০০/= (চারশত) টাকা। উল্লেখ্য, প্রত্যেক পরীক্ষার্থী থেকে আদায়কৃত ব্যবহারিক পরীক্ষার ফি (পত্র প্রতি) ৩০ (ত্রিশ) টাকা থেকে ২০ (বিশ) টাকা বোর্ডে প্রেরণ করতে হবে এবং অবশিষ্ট ১০ (দশ) টাকা কেন্দ্র সচিবের নিকট প্রেরণ করতে হবে।

(৩) এসএসসি পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীণ ও বহিঃ পরীক্ষকদের জন্য) পত্র প্রতি ১০/= (দশ) টাকা। ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রসচিব ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/= (পাঁচ) টাকা এবং বহিঃ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/=(পাঁচ) টাকা হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য,এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না।

(৪) কেন্দ্র ফি থেকে ট্যাগ অফিসারের সম্মানী ও অন্যান্য ব্যয় নির্বাহ করতে হবে।

(গ) পরীক্ষার্থীদের বেতন ও সেশন ফি ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত পরিশোধ করতে হবে। কোনক্রমেই কোন শিক্ষার্থীর নবম ও দশম শ্রেণির সর্বমোট ২৪ মাসের বেশি বেতন নেয়া যাবে না।

৬. নিয়মিত পরীক্ষার্থীঃ

২০২০-২০২১ সালের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীরা ২০২২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

৭. অনিয়মিত পরীক্ষার্থীঃ

(ক) ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ সেশনের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যারা ২০২০ এবং ২০২১ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করেনি, স্ব-স্ব শিক্ষা প্রতষ্ঠানের মাধ্যমে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে কোন অবস্থাতেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য করা যাবে না।

(খ) রেজিস্ট্রেশন নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণঃ

২০১৭-২০১৮ রেজিঃধারী শিক্ষার্থীগণ যাদের রেজিস্ট্রেশন এর মেয়াদ শেষ অথচ চতুর্থ বিষয় বাদে এখনো এক বিষয়ে অকৃতকার্য আছে সে সকল শিক্ষার্থী বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশন এর মেয়াদ কেবলমাত্র এক বছরের জন্য নবায়ন করে ২০২২ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। ২০২২ সালের পরীক্ষায় তাদের অংশগ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জিপি/পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জিপি-এর সাথে যোগ করে তাদের জিপিএ নির্ণয় করা হবে।

(গ) রেজিস্ট্রেশন নবায়নের প্রক্রিয়াঃ

'খ' এ উল্লিখিত রেজিস্ট্রশন এর মেয়াদ উত্তীর্ণ পরীক্ষার্থীর ক্ষেত্রে পরীক্ষার ফরম পূরণের পূর্বে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে মূল রেজিস্ট্রেশন কার্ড বিদ্যালয় পরিদর্শকের দপ্তরে জমা দিয়ে নবায়নকৃত রেজিঃ কার্ড সংগ্রহ করতে হবে।

ছক

| পূর্ববর্তী পরীক্ষার সাল ও রোল নম্বর | পরীক্ষার্থীর নাম পিতা ও মাতার নাম | রেজিঃনম্বর ও শিক্ষাবর্ষ | যে শিক্ষা প্রতিষ্ঠান হতে রেজিঃকৃত তার নাম | অকৃতকার্য বিষয়ের নাম ও কোড নম্বর |
|---|---|---|---|---|

৮. জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীঃ

কেবল ২০২১ সালের এসএসসি পরীক্ষায় নৈর্বাচনিক সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ ৫.০০(পাঁচ) এর কম প্রাপ্ত পরীক্ষার্থীরা রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে ২০২২ সালের এসএসসি পরীক্ষায় জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০২২ সালের পরীক্ষায় এদের জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়নের জন্য আবেদনকারী পরীক্ষার্থীদের মূল প্রবেশপত্র, মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং প্রত্যেকটির এক সেট ফটোকপিসহ আলাদা খামে বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট জমা দিতে হবে।

৯. বহিস্কৃত পরীক্ষার্থীঃ

বহিস্কৃত এবং শৃঙ্খলা কমিটি কর্তৃক শাস্তি প্রাপ্ত পরীক্ষার্থীগণ তাদের শাস্তির মেয়াদ শেষ হয়ে থাকলে এবং রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে তারা ২০২২ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

তবে এক্ষেত্রে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১০. চতুর্থ বিষয়ের সুবিধা ঃ

২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ সেশনের রেজিঃধারী পরীক্ষার্থীরা ২০২০ ও ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল বিষয়ে ২০২২ সালের পরীক্ষায় অংশগ্রহণ করলে চতুর্থ বিষয়ের সুবিধা পাবে এবং ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ সেশনের রেজিঃধারী পরীক্ষার্থীরা যারা ২০২০ ও ২০২১ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে চতুর্থ বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য হয়েছে ২০২২ সালের এসএসসি পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে তারা ৪র্থ বিষয়ের সুবিধা পাবে।

১১. প্রতিবন্ধী পরীক্ষার্থী ঃ

দৃষ্টি প্রতিবন্ধী. সেরিব্রাল পালসিজনিত প্রতিবন্ধী, বুদ্ধি প্রতিবন্ধী এবং যাদের হাত নেই তারা শ্রুতি লেখক সঙ্গে নিয়ে পরীক্ষায় অংশ নিতে চাইলে সমাজসেবা কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি, প্রবেশপত্র, রেজিঃ কার্ডের ফটোকপিসহ পরীক্ষার্থী ও শ্রুতি লেখক উভয়ের ২ কপি করে পাসপোর্ট আকারের ছবি, শ্রুতি লেখক অভিভাবকের সম্মতিপত্র, শ্রুতি লেখকের ৮ম শ্রেণিতে অধ্যয়নের প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র নিয়ে পরীক্ষা শুরুর ০১ (এক) মাস পূর্বে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে আবেদনপত্র জমা দিতে হবে।

১২. অন্য বোর্ডে রেজিঃকৃত ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন কার্ড বোর্ডের বিদ্যালয় শাখায় জমা দিয়ে বিধি মোতাবেক অত্র বোর্ডের রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।

১৩. ২০২২ সালের এসএসসি পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীর বয়স **১লা জানুয়ারী, ২০২২ তারিখে অনুর্ধ্ব ২০ (বিশ)বছরের মধ্যে হতে হবে**।এ নিয়ম ভঙ্গ করে ফরম পূরণ করা হলে সৃষ্ট জটিলতার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

১৪. ছাড়পত্র ও মান উন্নয়ন পরীক্ষার্থীদের তালিকা ওয়েব সাইটের TC/IMP বাটনে পাওয়া যাবে।

১৫. পাঠ্যসূচিঃ

(ক) ২০২২ সালের এসএসসি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে শিক্ষার্থীরা (নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী) পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) সকল শিক্ষাবর্ষের শিক্ষার্থীর ক্ষেত্রে শারিরীক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার এডুকেশন বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে।

**বিঃদ্রঃ বোর্ডের নির্ধারিত ফি ব্যতিত কোন প্রকার ফি গ্রহণ করা যাবে না এবং বোর্ডের নির্ধারিত ফি এর সাথে অন্য কোন ফি সংযুক্ত করে আদায় করা যাবে না। নির্ধারিত তারিখের পূর্বে অথবা পরে কোন কাগজপত্রাদি বোর্ডে বিতরণ/গ্রহণ করা হবে না এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০২২ সনের এসএসসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে
০৫/০৪/২০২২
(প্রফেসর অরুন চন্দ্র পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
ফোন : ০২৯৯৬৬৪৩৪৩৫
05.04.22

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
৪। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৫। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৬। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৭। প্রতিষ্ঠান প্রধান (সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
৮। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)
৯। জেলা শিক্ষা অফিসার, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
১০।মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
১২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
১৩। সংরক্ষণ নথি।

০৫/০৪/২০২২
(শরীফ আহাম্মেদ)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
05.04.22

D drive:ssc Form fill up notice-22/tazulislam